

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪২২

১/ বিবিধ

আরবী

من أخذ على القرآن أجراً، فقد تعجل حسناته في الدنيا، والقرآن يخاصمه يوم القيامة
منكر

أخرجه أبو نعيم في " الحلية " (4/20) عن الحسن بن علي بن الوليد: حدثنا
عبد الرحمن بن نافع - درخت - حدثنا موسى بن رشيد عن أبي عبيد الشامي عن
طاووس

عن ابن عباس رضي الله عنه قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره
وقال

" غريب من حديث طاووس، لم يروه عنه إلا أبو عبد الله الشامي وهو مجهول وفي
حديثه نكارة

قلت: وهذا إسناد مظلم، من دون طاووس لم أعرف أحدا منهم! وقوله في السند
" أبي عبيد الشامي " كذلك وقع في الأصل، ووقع في تعقيب أبي نعيم عليه: " أبو
عبد الله الشامي ". وكتب الطابع على الهامش

" كذا سماه هنا في الأصول الثلاثة

فأله أعلم بالصواب

বাংলা

১৪২২। যে ব্যক্তি কুরআনের বিনিময়ে পারিশ্রমিক গ্রহণ করবে সে দুনিয়াতেই তার সাওয়াব লাভের ব্যাপারে

তাড়াহুড়া করল। এমতাবস্থায় কিয়ামতের দিন কুরআন তার সাথে ঝগড়া করবে।

হাদীসটি মুনকার।

হাদীসটি আবু নুয়াইম "আলহিলইয়াহ" গ্রন্থে (৪/২০) হাসান ইবনু আলী ইবনিল ওয়ালীদ হতে, তিনি আব্দুর রহমান ইবনু নাফে'-দারাখত- হতে, তিনি মূসা ইবনু শীদ হতে, তিনি আবু ওবায়দ শামী হতে, তিনি তাউস হতে, তিনি আব্দুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আবু নুয়াইম বলেনঃ তাউসের হাদীস হতে এটি গারীব। তার থেকে একমাত্র আবু আদিল্লাহ শামী বর্ণনা করেছেন আর তিনি হচ্ছেন মাজহুল (অপরিচিত) আর তার হাদীস মুনকার।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। তাউসের নিচের কোন বর্ণনাকারীকে চিনি না। তিনি যে সনদের মধ্যে বলেছেনঃ আবু ওবায়দ শামী, মূল গ্রন্থে এরূপই বর্ণিত হয়েছে। এর পরেই আবু নুয়াইম বলেছেনঃ আবু আদিল্লাহ শামী। আল্লাহই জানেন কোনটি সঠিক।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72301>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন